

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

ইনোভেশন টিম

বিষয়: ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি

: ড.কাজী আনোয়ারুল হক
চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম ও
অতিরিক্ত সচিব (ডিই অনুবিভাগ), ইআরডি

সভার তারিখ ও সময়

: ০৯ নভেম্বর ২০১৭, সকাল ১১:০০ ঘটিকা

সভার স্থান

: রুক নং-০৮, রুম নং-৩০, (ডিই অনুবিভাগের কনফারেন্স রুম) ইআরডি

উপস্থিত কর্মকর্তাদের তালিকা : সংযোজনী-ক

গত ০৯/১১/২০১৭ তারিখ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইনোভেশন টিমের সভা এ বিভাগের চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব ড. কাজী আনোয়ারুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। বিশেষভাবে তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম, গভর্নেন্স ইনোভেশন ইউনিট এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ থেকে আগত প্রতিনিধিবৃন্দকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। অতঃপর সভাপতি সদস্য সচিবকে এজেন্ডা অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, এ সভা মূলত এ বিভাগের উন্নাবনি ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ ও ইনোভেশন ওয়ার্কসপ আয়োজনের প্রস্তুতিমূলক সভা। সভায় এটুআই প্রোগ্রাম ও গভর্নেন্স ইনোভেশন ইউনিট এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিনিধিদের কাছে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য প্রযোজ্য উন্নাবনী ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং ইনোভেশন ওয়ার্কসপের রূপরেখা ও করণীয় বিষয়ে তাদের সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। উভয় সংস্থার প্রতিনিধি প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ক) ডিসেম্বর ২০১৭ মাসে ইআরডিতে ইনোভেশন ওয়ার্কসপ আয়োজন করা হবে। এ লক্ষ্যে প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই প্রোগ্রাম ও গভর্নেন্স ইনোভেশন ইউনিট ইনোভেশন ওয়ার্কশপ আয়োজনের রূপরেখা মডিউল/ডকুমেন্ট ইআরডিকে সরবরাহ করবে। এটুআই প্রোগ্রাম ও গভর্নেন্স ইনোভেশন ইউনিট রিসোর্স পার্সন দিয়েও ইআরডিকে সহযোগিতা করবে;
- খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ থেকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য সরবরাহকৃত এ্যাপসেটির আপডেট সংক্রান্ত সমস্যা নিরসনের জন্য আইসিটি বিভাগকে আনুষ্ঠানিকভাবে পত্র প্রেরণ করা হবে;
- গ) সকল প্রকার ছুটির আবেদন ও নিষ্পত্তির প্রক্রিয়া ই-ফাইলিং পদ্ধতিতে সংযুক্ত করা হবে। এ বিষয়ে এটুআই প্রোগ্রাম প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে;
- ঘ) বিগত ও এ সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে পরিবীক্ষণ কার্যক্রম বৃদ্ধি এবং সংশ্লিষ্ট সকলকে সিদ্ধান্ত বাস্তবায়নে তৎপর হওয়ার জন্য টেলিফোনে অনুরোধ জানানো হবে।

সভায় আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

৯/১১/২০১৭

ড.কাজী আনোয়ারুল হক
সভাপতি (চিফ ইনোভেশন অফিসার)

ইনোভেশন টিম ও

অতিরিক্ত সচিব, ইআরডি

বিতরণঃ (জ্যোত্যতার ভিত্তিতে নয়)

- ১) জনাব সারোয়ার মাহমুদ, যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা ও সদস্য, ইনোভেশন টিম, ইআরডি।
- ২) জনাব মোঃ আনোয়ার হোসেন, উপসচিব, অধিশাখা-ডিই-৬ ও সদস্য, ইনোভেশন টিম, ইআরডি।
- ৩) ড. মোঃ রেজাউল বাসার সিদ্দিকী, উপসচিব, জলবায়ু ফাইনান্সিং ও গবেষণা অধিশাখা ও সদস্য ইনোভেশন টিম, ইআরডি।
- ৪) জনাব সিরাজুন নূর চৌধুরী, উপসচিব, সমষ্টি-৬ অধিশাখা ও সদস্য, ইনোভেশন টিম, ইআরডি।
- ৫) মিজ শাহিদা সুলতানা, উপসচিব, ইনোভেশন স্পেসালিস্ট, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৬) জনাব মোঃ আলী নেওয়াজ রাসেল, উপপরিচালক, জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৭) মিজ নুসরাত নোমান, উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা ও সদস্য, ইনোভেশন টিম, ইআরডি।
- ৮) জনাব মোঃ নবীর উদ্দীন, সিনিয়র সিস্টেমস এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৯) মিজ মাহবুবা আইরিন, সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা ও সদস্য, ইনোভেশন টিম, ইআরডি।

অবগতির জন্যঃ

- ০১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ প্রধান, ইআরডি।
- ০২) সচিব মহোদয়ের একান্ত সচিব, ইআরডি।

ফর্ম্ম

০৯/১১/২০১৭

মোঃ আব্দুস ছোবহান
সদস্য সচিব, ইনোভেশন টিম

ও

সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইআরডি